PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

# অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

তারিখ : ১৯/০৩/২০২৩

## বিষয় ঃ সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট সংক্রান্ত।

বর্তমানে সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যম রয়েছে। প্রশিকার প্রায় সকল স্তরের কর্মীবৃন্দ বিভিন্ন যোগাযোগ মাধ্যমে সক্রিয় আছে। স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ইহা একটি ভালো লক্ষণ। প্রশিকার ঊর্ধ্বতন কর্তৃপক্ষ চায় প্রশিকার কর্মীবৃন্দ সামাজিক যোগাযোগ মাধ্যম, কম্পিউটার ও ইন্টারনেটসহ আধুনিক যোগাযোগ মাধ্যমে দক্ষ হয়ে উঠুক। কিন্তু ইদানিং দেখা যায় ফেসবুকে কিছু অসামঞ্জস্য ও দায়িত্বহীন পোস্ট দেয়া হচ্ছে। যেমন-

১. কয়েকজন মিলে প্রশিকার নামের সাথে অতিরিক্ত কিছু শব্দ যোগ করে পেইজ খুলে বিভিন্ন পোস্ট দেয়া।

২. তাছাড়া অনেকেই ব্যক্তিগতভাবে প্রশিকার পক্ষ থেকে শুভেচ্ছা বা অভিনন্দন জানানো।

৩. প্রশিকার নাম ব্যবহার করে এমন কিছু পোস্ট দেয়া হচ্ছে যা সংস্থার সুনামকে ক্ষতি করছে।

এখানে উল্লেখ্য, প্রশিকার নিজস্ব একটি ফেসবুক পেইজ, ইউটিউব চ্যানেল, লিংকইন এবং ওয়েব সাইট আছে, যেটা পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ রয়েছে। তাছাড়া প্রশিকার পক্ষ থেকে শুভেচ্ছা, ধন্যবাদ বা অভিনন্দন জানানোর বৈধ কর্তৃপক্ষ হলো প্রধান নির্বাহী বা তাঁর অনুমোদিত কিংবা মনোনীত ব্যক্তি।

তাই সকলকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত নূতন পেইজ খোলা বা প্রশিকার নাম ব্যবহার করে বিভিন্ন ধরনের অপ্রাসঙ্গিক পোস্ট দেয়া থেকে বিরত থাকার জন্য বলা হলো। ইতোমধ্যে যারা প্রশিকার নামের সাথে অন্য শব্দ যোগ করে অননুমোদিতভাবে পেইজ খুলেছেন তা বন্ধ করতে বলা হলো।

ধন্যবাদান্তে -

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি :

১. কেন্দ্রীয় অফিস নোটিশ বোর্ড
২. প্রশিকার ওয়েবসাইট।

**HEAD OFFICE:** PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.
**CONTACT ADDRESS:** BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.
E-mail: proshika.muk.acfhd@gmail.com, pmuk@proshikabd.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6